EASTLAND INSURANCE COMPANY LIMITED
ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
ESTD.1986

পরিলেখ (PROFILE)ঃ

ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৬ সালের ৫ই নভেম্বর কোম্পানী আইন ১৯১৩ (বর্তমান ১৯৯৪) মূলে প্রতিষ্ঠিত বেসরকারী খাতের প্রথম প্রজন্মের নন-লাইফ বা সাধারণ বীমা কোম্পানী । ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স একই বছর ২২শে নভেম্বর প্রধান বীমা নিয়ন্ত্রক এর নিকট থেকে বীমা ব্যবসা পরিচালনার নিবন্ধন সনদ প্রাপ্ত হয়। দেশের স্বনামধন্য, বহুবিধ ব্যবসায় সংশ্লিষ্ট ব্যবসায়ী ব্যক্তিত্ব ও খ্যাতিমান শিল্পপতিদের উদ্যোগে কোম্পানী ১০০ মিলিয়ন টাকা অনুমোদিত মূলধনের বিপরীতে ৩০ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধন নিয়ে বীমা ব্যবসায় যাত্রা শুরু করে। কোম্পানীর অনুমোদিত ও পরিশোধিত মূলধন ডিসেম্বর ৩১, ২০১৬ এর মধ্যে যথাক্রমে ১০০০ মিলিয়ন টাকা ও ৬৫৪.৪০ মিলিয়ন টাকায় উত্তীর্ণ হয়েছে ।

কোম্পানীর পরিচালনা পর্ষদের চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন দেশে ও বিদেশে সুপরিচিত একজন বিশিষ্ট ব্যবসায়ী জনাব মাহবুবুর রহমান। তিনি ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স-বাংলাদেশ (আইসিসি-বাংলাদেশ) এর প্রেসিডেন্ট এবং বাংলাদেশ ইন্টারন্যাশনাল আর্বিট্রেশন সেন্টার (BIAC) এর চেয়ারম্যান । তিনি ব্যাংককস্থ জাতিসংঘের ইকোনোমিক এন্ড সোস্যাল কমিশন ফর এশিয়া এন্ড প্যাসিফিক (UNESCAP) এর বিজনেস এডভাইজরি কাউন্সিল (বিএসি) এর চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন ইনষ্টিটিউট এর বোর্ড অব গভর্নেস এর সদস্য। তিনি বাংলাদেশ ওপেন ইউনিভার্সিটি এবং ঢাকা স্টক একচেঞ্জ এর সদস্য। ন্যাশনাল ব্যাংক লিমিটেড এবং ন্যাশনাল ব্যাংক ফাউন্ডেশন এর সাবেক চেয়ারম্যান। ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ (এফবিসিসিআই) এবং ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ (ডিসিসিআই) উভয়ের প্রাক্তন প্রেসিডেন্ট। এ ছাড়া তিনি দেশের অভ্যন্তরীন ও বহির্বিশ্বের বহুসংখ্যক সামাজিক সংস্থার কার্যক্রমের সাথে সক্রিয়ভাবে সম্পৃক্ত ।

কোম্পানীর ব্যবস্থাপনা টীম সুদীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন বীমা ব্যক্তিত্ব জনাব অরুণ কুমার সাহা, মূখ্য নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে একদল সুদক্ষ ও অভিজ্ঞ পেশাজীবির সমন্বয়ে গঠিত ।

ইষ্টল্যান্ড ইহার বিপুল সংখ্যক প্রসিদ্ধ দেশীয় ও বহুজাতিক গ্রাহকদের মানসম্মত সর্বোৎকৃষ্ট পেশাগত সেবা প্রদানে একনিষ্ঠ এবং দৃঢ় অঙ্গীকারবদ্ধ। ইষ্টল্যান্ড গ্রাহকদের চাহিদামত সর্বোত্তম বীমা সেবা প্রদান এবং প্রতিশ্রুতি রক্ষাসহ বিশ্বস্ত ও আস্থাশীল বীমাকারী প্রতিষ্ঠান হিসেবে সুনাম ও সুখ্যাতি প্রতিষ্ঠায় সক্ষম হয়েছে।

বহুবছর যাবৎ কোম্পানী মজবুত কর্পোরেট কালচার, কর্পোরেট সুশাসন, নৈতিক মানদন্ডসমূহ, কর্পোরেট সামাজিক দায়িত্বসমূহ, নিপুন অবলিখন দক্ষতা ও সামর্থ এবং গতিশীল বিনিয়োগ ব্যবস্থাপনা বজায় রেখেছে।

ইষ্টল্যান্ড কেবলমাত্র নতুন পণ্য ও সেবার উৎকর্ষ নির্ভর নয় বরং এ যাবৎ শিল্পের যে অংশ অনুদ্ভূত তা উদ্ভাবন ও বাজারজাতকরণ বিপণন কার্যক্রমের লক্ষ্যভুক্ত করে থাকে। কোম্পানী সামাজিক দায়িত্বসমূহের প্রতি পূর্নাঙ্গ সচেতন এবং বীমা সেবা ও সুবিধাসমূহ গণমানুষের নিকট পৌঁছে দিতে ভবিষৎ উন্নয়ন কার্যক্রম প্রণয়ন করে থাকে ।

EASTLAND INSURANCE COMPANY LIMITED
ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
ESTD.1986

সেবা দান প্রতিশ্রুতি
(CITIZEN CHARTER)

দর্শন (VISION)ঃ

বাংলাদেশে শীর্ষস্থানীয় ও প্রথম সারির নন-লাইফ বা সাধারণ বীমা কোম্পানী রুপে পরিণত হওয়া এবং জাতীয় অর্থনীতিতে তাৎপর্যপূর্ণ অবদান রাখা ।

অভিলক্ষ্য (MISSION)ঃ

অভিজ্ঞ, দক্ষ ও পেশাদার কর্মীবৃন্দ কর্তৃক আধুনিক কলাকৌশল ও নৈপূণ্য দিয়ে প্রকৃত মূল্যে সর্বোচ্চ মানের বীমা সেবা প্রদান । দ্রুত গ্রাহক সেবা নিশ্চিত করন । টেকসই প্রবৃদ্ধির কৌশল প্রণয়ন । ব্যবসায় নৈতিকতা ও বুনিয়াদি মানদন্ড বজায় রেখে শেয়ারহোল্ডারসহ সংশ্লিষ্ট সকল পক্ষের স্বার্থ সংরক্ষন করা । উচ্চমানের বীমা পণ্য উদ্ভাবন । গুনাবলী সম্পন্ন মানবসম্পদ আকৃষ্টকরণ । মেধা ও যোগ্যতার লালন ও পরিচর্যা । কর্পোরেট সুশাসন নিশ্চিতকরণ । সর্বোপরি কর্পোরেট সামাজিক দায়িত্বসমূহ পালনের প্রতি দৃঢ় অঙ্গীকারবদ্ধ থাকা এবং দেশের শীর্ষস্থানীয় নন-লাইফ বীমা কোম্পানীতে পরিণত হওয়া ।

মূল্যবোধ (CORE VALUES)ঃ

- গ্রাহক চাহিদা ও প্রত্যাশা পুরণে সর্বোচ্চ অগ্রাধিকার
- সততা ও ন্যায়পরায়নতা
- স্বচ্ছতা
- পেশাদারিত্ব ও শ্রেষ্ঠত্ব
- দলীয় উদ্দীপণা, কর্মশক্তি ও প্রাণচাঞ্চল্যতা
- সমন্বয়, ঐকতান ও অ-বিরোধ
- অঙ্গীকার ও প্রতিশ্রুতি
- ব্যবসায় নৈতিক ও মৌলিক মান বজায়
- উন্মুক্ত যোগাযোগ ও তথ্য প্রযুক্তির ব্যবহার

গ্রাহক প্রতিশ্রুতি (COMMITMENT TO CLIENTS)ঃ

- সর্বোচ্চ মাত্রার পেশাদারিত্ব ও অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে সেবা প্রদান
- পারস্পরিক আস্থা ও বিশ্বাসের ভিত্তিতে দীর্ঘ মেয়াদী সর্ম্পক স্থাপন
- স্বল্পতম সময়ে বীমা দাবী নিস্পত্তি
- গ্রাহক চাহিদা মাফিক দ্রুত ও মানসম্মত সেবা দান এবং নতুন পণ্য উদ্ভাবন
- প্রতিযোগিতামূলক মূল্যে সেবা দান

EASTLAND INSURANCE COMPANY LIMITED ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ESTD.1986

মূল শক্তি (CORE STRENGTH)ঃ

প্রতিষ্ঠানের মূল শক্তি হচ্ছে বিচক্ষণ পরিচালনা পর্ষদ। পেশাদার, সুদক্ষ ও অভিজ্ঞ ব্যবস্থাপনা টীম। স্বচ্ছ ও ত্বরিৎ সিদ্বান্ত গ্রহণ। দক্ষ, কর্মঠ, সক্ষমতাপূর্ণ ও প্রশিক্ষিত বিশাল কর্মী বাহিনী। শক্তিশালী ও নিবিড় অভ্যন্তরীণ নিয়ন্ত্রন। দেশব্যাপী বিস্তৃত কম্পিউটারাইজড আধুনিক অফিসসমুহ। চমৎকার কর্পোরেট কৃষ্টি ও সংস্কৃতি। ক্রেডিট রেটিং ইনফরমেশন সার্ভিসেস লিমিটেড (CRISL) কর্তৃক প্রদত্ত ডাবল এ প্লাস (AA+) রেটিং অর্জন যা বলিষ্ঠ আর্থিক কর্মদক্ষতা, মজবুত মূলধন, বিশাল স্থায়ী সম্পদ, বলিষ্ঠ রিজার্ভ দাবী পরিশোধের সুউচ্চ ক্ষমতা, আর্থিক সচ্ছলতা, স্থানীয় ও বৈদেশিক পুনঃ বীমাকারীর সাথে উত্তম পুনঃবীমা বন্দোবস্ত ইত্যাদি আর্থিক সূচকসমূহের ভিত্তিতে নির্ধারিত। দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অব অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) কর্তৃক সাধারন বীমা খাতে 'বেষ্ট কর্পোরেট অ্যাওয়ার্ড' এবং দি ইনস্টিটিউট অব চাটার্ড এ্যকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) কর্তৃক বেস্ট প্রেজেন্টেড এ্যানুয়াল রিপোর্ট প্রণয়ণের সম্মানে ভূষিত যা সেরা আর্থিক অবস্থা, সুশাসন, নিয়মকানুন ও নীতিমালা অনুসরণ, হিসাব বিষয়ে বাংলাদেশ মানদন্ড এর প্রতি অবিচল ও অনুগত থাকা, আর্থিক বিবরণীর স্বচ্ছতা প্রভৃতি বিষয়ে বিবেচনার সামগ্রিক বহিঃপ্রকাশ।

মৌলিক সক্ষমতা (CORE COMPETENCIES)ঃ

- দীর্ঘ পেশাগত জ্ঞান
- অভিজ্ঞতা ও দক্ষতা
- স্বচ্ছতা
- কৌশলগত সক্ষমতা
- দ্রুত দাবী নিস্পত্তি
- দেশীয় ও বিদেশী পূনঃবীমাকারীর সাথে পর্যাপ্ত নিরাপত্তা বন্দোবস্ত
- বিশ্বস্ততা ও নির্ভরতা

অফিস/শাখাসমূহঃ

ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স দেশের বানিজ্যিকভাবে প্রসিদ্ধ বিভিন্ন স্থানে ২৭টি শাখার মাধ্যমে দক্ষতা ও সুনামের সাথে বীমা সেবা কার্যক্রম পরিচালনা করে আসছে। শাখাসমূহ নিম্নে উল্লেখ করা হল।

ঢাকা বিভাগ

১. প্রিন্সিপাল অফিস, ঢাকা
২. ইমামগঞ্জ শাখা, ঢাকা
৩. নবাবপুর রোড় শাখা, ঢাকা
৪. মতিঝিল শাখা, ঢাকা
৫. কাওরান বাজার শাখা, ঢাকা
৬. এলিফ্যান্ট রোড শাখা, ঢাকা
৭. মালিবাগ শাখা, ঢাকা
৮. মহাখালী শাখা, ঢাকা
৯. গুলশান শাখা, ঢাকা
১০. মিরপুর শাখা, ঢাকা
১১. বনানী শাখা, ঢাকা
১২. নারায়ণগঞ্জ শাখা
১৩. ময়মনসিংহ শাখা
১৪. টাংগাইল শাখা
১৫. রাজবাড়ি শাখা
১৬. ফরিদপুর শাখা

চট্রগ্রাম বিভাগ

১. আগ্রাবাদ শাখা, চট্রগ্রাম
২. জুবলীরোড শাখা, চট্রগ্রাম
৩. ফেনী শাখা

খুলনা বিভাগ

১. খুলনা শাখা
২. যশোর শাখা
৩. কুষ্টিয়া শাখা
৪. মেহেরপুর শাখা
৫. সাতক্ষীরা শাখা

রাজশাহী বিভাগ

১. বগুড়া শাখা
২. চাঁপাই নবাবগঞ্জ শাখা

সিলেট বিভাগ

১. সিলেট শাখা

শাখা সমূহে যোগাযোগের ঠিকানা সমূহের জন্য আমাদের website:eastlandinsurance.com এ দেখুন।

অফিস সময়সূচী

রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারী ছুটি ব্যতীত)

EASTLAND INSURANCE COMPANY LIMITED ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
ESTD.1986

সেবা কার্যক্রমসমূহ

সাধারন বীমা সেবার শ্রেণীসমূহঃ-

১. অগ্নি বীমাঃ-

- সাধারন অগ্নি বীমা পলিসি (Standard Fire Policy)
- অগ্নি ও সহযোগী ঝুঁকি সম্বলিত পলিসি (Fire & Allied Perils Insurance Policy)
- ইন্ডাষ্ট্রিয়াল অল রিস্ক পলিসি
- প্রোপার্টি অল রিস্ক পলিসি
- পাওয়ার প্ল্যান্ট অপারেশনাল প্যাকেজ ইন্স্যুরেন্স পলিসি
- ডিক্লারেশন পলিসি
- সিডিউল পলিসি
- কনসিকোয়েনশিয়াল লস পলিসি

২. নৌ বীমাঃ-

ক) মেরিন কার্গো বীমা

- সামুদ্রিক নৌযানে পন্য পরিবহনের জন্য পলিসি
- অভ্যন্তরীন নৌযানে পন্য পরিবহনের জন্য পলিসি
- সড়ক পথে পন্য পরিবহনের জন্য পলিসি
- আকাশ পথে পন্য পরিবহনের জন্য পলিসি

খ) মেরিন হাল বীমা

- মেরিন হাল টোটাল লস অনলি পলিসি
- মেরিন হাল কমপ্রিহেনসিভ পলিসি
- শিপ বিল্ডার্স অল রিস্ক পলিসি
- শিপ রিপেয়্যারস লাইয়্যাবিলিটি পলিসি

৩. মোটর বীমা ঃ-

- মোটর অ্যাক্ট পলিসি
- মোটর কমপ্রিহেনসিভ পলিসি
- মোটর ট্রেড পলিসি

৪. লাইয়্যাবিলিটি বীমা ঃ-

- পাবলিক লাইয়্যাবিলিটি পলিসি
- প্রোডাক্ট লাইয়্যাবিলিটি পলিসি
- পাবলিক, প্রোডাক্ট এন্ড পল্যুশন লাইয়্যাবিলিটি ইন্স্যুরেন্স পলিসি
- এ্যামপয়্যারস লাইয়্যাবিলিটি পলিসি
- কমপ্রিহেনসিভ জেনারেল লাইয়্যাবিলিটি পলিসি
- ক্লিনিক্যাল ট্রায়াল লাইয়্যাবিলিটি ইন্স্যুরেন্স পলিসি

৫. বিবিধ বীমা ঃ-

- বার্গলারি পলিসি
- অল রিস্ক পলিসি
- এয়ার ট্রাভেল পলিসি
- ক্যাশ ইন সেইফ পলিসি
- ক্যাশ ইন ট্রানজিট পলিসি
- ক্যাশ অন কাউন্টার পলিসি
- ক্যাশ অন প্রিমিসেস পলিসি
- ওভারসীস মেডিক্লেইম পলিসি
- ফাইডেলিটি গ্যারান্টি পলিসি
- পারসোন্যাল এক্সিডেন্ট পলিসি
- পিপ্‌লস পারসোনাল এক্সিডেন্ট পলিসি
- ওয়ার্কম্যানস কমপেনশেসন পলিসি
- সেইফ ডিপোজিট বক্স (ব্যাংক লকার) পলিসি
- মানি ইন্স্যুরেন্স পলিসি

৬. প্রকৌশল বীমা ঃ-

- কম্প্রিহেনসিভ মেশিনারী পলিসি
- কন্ট্রাকটরস অল রিস্ক পলিসি
- ইরেকসন অল রিস্ক পলিসি
- বিল্ডার্স অল রিস্ক পলিসি
- মেশিনারী ব্রেক ডাউন পলিসি
- ডেটোরিয়রেশন অব ষ্টক পলিসি
- ইলেকট্রিক ইকুইপম্যান্ট পলিসি
- বয়লার এন্ড প্রেসার ভেসেল পলিসি
- কন্ট্রাক্টরস প্লান্ট এন্ড মেশিনারী পলিসি
- লিফট ইন্স্যুরেন্স পলিসি

৭. এভিয়েশন বীমা ঃ-

- এভিয়েশন পলিসি

৮. বিশেষায়িত সেবাসমূহ ঃ-

- প্রফেশনাল ইনডেমনিটি পলিসি
- হাউজ হোল্ডারস কম্প্রিহেনসিভ পলিসি
- হোটেল ওনারর্স অল রিস্ক পলিসি
- ব্যাংকার্স ব্ল্যাংকেট বন্ড পলিসি

EASTLAND INSURANCE COMPANY LIMITED

ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

ESTD.1986

সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি এবং সেবাদান সময়সীমা

ক্রমিক	সেবার নাম	সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি	সময়সীমা
১	নৌ, ওভারসীস মেডিক্লেইম, মটর, ব্যক্তিগত দুর্ঘটনা এবং অন্যান্য ব্যক্তিগত পর্যায়ের বীমা কভার নোট/ সার্টিফিকেট/পলিসি	বিধিমোতাবেক নির্ধারিত মূল্যে	প্রস্তাব প্রাপ্তির পর প্রস্তাব গৃহীত হলে প্রিমিয়াম প্রাপ্তি সাপেক্ষে তাৎক্ষনিকভাবে/ সর্বোচ্চ ১ (এক) কার্য দিবসের মধ্যে ইস্যু করা হয় ।
২	অগ্নি, প্রকৌশল, এভিয়েশন এবং অন্যান্য বানিজ্যিক বীমা কভার নোট/ সার্টিফিকেট/পলিসি	বিধিমোতাবেক নির্ধারিত মূল্যে	প্রস্তাব প্রাপ্তির পর প্রস্তাব গৃহীত হলে প্রিমিয়াম প্রাপ্তি সাপেক্ষে সাথে সাথে অথবা অনধিক ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ইস্যু করা হয় ।
৩	নবায়ন নোটিশ	বিনা মূল্যে	পলিসির মেয়াদ উত্তীর্ন হবার নূন্যতম ১৫ দিন পূর্বে প্রদান করা হয় ।
৪	সার্ভেয়ার নিয়োগ	বিনা মূল্যে	দাবী অবহিতকরনের সাথে সাথে বা ২ কার্য দিবসের মধ্যে ।
৫	দাবী নিস্পত্তি	চেক/পেঅর্ডার/ ব্যাংক এডভাইজ এর মাধ্যমে	প্রয়োজনীয় সকল কাগজপত্র/জরিপ প্রতিবেদন প্রাপ্তির পর ৩০ দিনের মধ্যে । তবে প্রয়োজনীয় ক্ষেত্রে পুনঃবীমা কারীর অনুমোদন সাপেক্ষে দ্রুততম সময়ে ।

বীমা সেবা সম্পর্কিত আরো বিস্তারিত তথ্য জানার জন্য প্রতিষ্ঠানের শাখা/আঞ্চলিক কার্যালয় অথবা প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ করা যেতে পারে ।

বীমা সেবা সম্পর্কিত কোন অভিযোগ কিংবা সুপারিশ থাকলে স্থানীয় শাখা/অফিস প্রধানগণ অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা যেতে পারে । এ ছাড়াও এতদবিষয়ে নিম্নেবর্ণিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে ।

১ম পর্যায়েঃ

১ (ক) সহকারী ব্যবস্থাপনা পরিচালক
অবলিখন বিভাগ
ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
প্রধান কার্যালয়, ১৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৬৪৬০০

খ) উপ-ব্যবস্থাপনা পরিচালক
দাবী বিভাগ
ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
প্রধান কার্যালয়, ১৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৬৪৬০০

২য় পর্যায়েঃ

২) মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং ব্যবস্থাপনা পরিচালক
ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
প্রধান কার্যালয়: ১৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৬৪৬০০

৩য় পর্যায়েঃ

৩) চেয়ারম্যান
ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
প্রধান কার্যালয়, ১৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৬৪৬০০